দৈনিক সংবাদ

তারিখ 11 SEP 1988
পৃষ্ঠা ... ৫ কলাম ৭

004

# সাতক্ষীরার ৩টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত

সাতক্ষীরা, ৭ই সেপ্টেম্বর, (নিজস্ব সংবাদদাতা)।--সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষক এবং পরিচালনা পরিষদের সদস্যদের মধ্যে দ্বন্দ্ব বিরাজ করায় সাতক্ষীরা সদর উপজেলায় ৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ব্যাহত হচ্ছে। অভিযোগ ও পাল্টা অভিযোগ চলছে গত ৩ মাস ধরে। অভিযোগে-পাল্টা অভিযোগে ভরে উঠছে উপজেলা শিক্ষা কর্মকর্তার ফাইল।

নবনুর, দক্ষিণ ঘোষপাড়া এবং ইটাগাছা। তিনটি সরকারী প্রাথমিক বিদ্যালয়। নবনুর বিদ্যালয়ের অভিযোগ ও পাল্টা অভিযোগ জমা হয়েছে প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকদের মধ্যে। সাথে পরিচালনা পরিষদের সদস্যরা শিক্ষকদের বদলি দাবী করে অভিযোগ জমা দিয়েছে। প্রধান শিক্ষকের বিরুদ্ধে অশ্লীল ভাষায় গালাগাল দেয়ার অভিযোগ জমা হয়েছে উপজেলা শিক্ষা অফিসে।

দক্ষিণ ঘোষপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অভিযোগ ও পাল্টা অভিযোগ রয়েছে প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকদের মাঝে। এখানে দ্বন্দ্ব চলছে পরিচালনা পরিষদের সদস্যদের দু'টি দলের মাঝে।

অন্যদিকে ইটাগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রাপ্ত অভিযোগে প্রধান শিক্ষকের মতে সহকারী শিক্ষকরা নিয়ম বা নির্দেশ মানছেন না। ফলে অনিয়ম হচ্ছে। অন্যদিকে সহকারী শিক্ষকদের অভিযোগ প্রধান শিক্ষক খুব কড়াকড়ি করছেন।

সব অভিযোগ একের পর এক জমা হয়েছে উপজেলা শিক্ষা অফিসে। তদন্ত হয়েছে কয়েকদফা। কিন্তু কোন সমাধান হয়নি। ফলে স্কুলগুলোতে শিক্ষারপরিবেশ ব্যাহত হচ্ছে। লেখাপড়াও চলছে ইচ্ছা অনুযায়ী। এবিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তাও অভিযোগের সত্যতা স্বীকার করেছেন।